জাতীয় কম্পিউটার প্রশিক্ষণ ও গবেষণা একাডেমী
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
বগুড়া, বাংলাদেশ
www.nactar.gov.bd

স্মারক: ৫৭.২১.০০০০.০০৩.১২.০০১.২৫.১৮২৮

তারিখ: ২৭ কার্তিক, ১৪৩৩ বঙ্গাব্দ / ১২ নভেম্বর, ২০২৬ খ্রিস্টাব্দ

সংশোধিত নিয়োগ বিজ্ঞপ্তি

কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের অধীন জাতীয় কম্পিউটার প্রশিক্ষণ ও গবেষণা একাডেমী (নেকটার), বগুড়ার রাজস্ব খাতের স্থায়ী/অস্থায়ী পদসমূহে সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণের নিমিত্ত ইতোপূর্বে প্রকাশিত ১৪ জুন, ২০২৩ খ্রি. তারিখের ৫৭.২১.০০০০.০০৩.১২.০০১.২৩.৯৩১ স্মারক এবং ১৫ জুলাই, ২০২৫ খ্রি. তারিখের ৫৭.২১.০০০০.০০৩.১২.০০১.২৫.১০০১ নং স্মারকের নিয়োগ বিজ্ঞপ্তির অনুবৃত্তিক্রমে এবং ভেহিক্যাল সুপারভাইজার, ক্যাশিয়ার ও হিসাব সহকারী পদসমূহের বিপরীতে যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন প্রকৃত বাংলাদেশী নাগরিকের নিকট হতে নিম্ন লিখিত শর্তে অনলাইনে (https://nactar.teletalk.com.bd) ওয়েবসাইটে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন আহবান করা যাচ্ছে। অনলাইন ব্যতীত অন্য কোন মাধ্যমে প্রেরিত আবেদন গ্রহণ করা হবে না। ইতোপূর্বে আবেদনকারীগণের নতুনভাবে আবেদন করার প্রয়োজন নেই।

ক্রম	পদের নাম	বেতনক্রম (জাতীয় বেতন স্কেল, ২০২৬)	সর্বোচ্চ বয়সসীমা	পদ সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	যে সকল প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই।
০১।	ভেহিক্যাল সুপারভাইজার	গ্রেড-১১ ২৫০০০-৬০৫০০	৩২ বৎসর	১টি	(ক) কোন স্বীকৃত বোর্ড হইতে ২য় বিভাগ বা সমমানের সিজিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (ভোকেশনাল ইন অটোমোটিভ) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং (খ) যানবাহন রক্ষণাবেক্ষণ কাজে ৩ (তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতাসহ কম্পিউটার পরিচালনায় দক্ষ।	**১৪ জুন, ২০২৩ তারিখ ৫৭.২১.০০০০.০০৩.১২.০০১.২৩.৯৩১ নং এবং ১৫ জুলাই, ২০২৫ তারিখ ৫৭.২১.০০০০.০০৩.১২.০০১.২৫.১০০১ নং স্মারকে প্রকাশিত বিজ্ঞপ্তি অনুযায়ী যে সকল প্রার্থী পূর্বে আবেদন করেছেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।**
০২।	ক্যাশিয়ার	গ্রেড-১৪ ২৩৫০০-৫৬৮০০	৩২ বৎসর	১টি	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রিসহ ক্যাশ পরিচালনায় ৩ (তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতাসহ কম্পিউটার পরিচালনায় দক্ষ।	
০৩।	মেকানিক	গ্রেড-১৫ ২২৮০০-৫৫২০০	৩২ বৎসর	১টি	কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ ০২ (দুই) বৎসরের চাকরির অভিজ্ঞতা অথবা মেকানিক্যাল ট্রেডে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ ৩ (তিন) বৎসরের চাকরির বাস্তব অভিজ্ঞতাসহ কম্পিউটার পরিচালনায় দক্ষ।	
০৪।	হিসাব সহকারী	গ্রেড-১৬ ২১৯০০-৫২৯০০	৩২ বৎসর	১টি	কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ কম্পিউটার পরিচালনায় দক্ষ।	
০৫।	ক্যাফেটারিয়া ম্যানেজার	গ্রেড-১৬ ২১৯০০-৫২৯০০	৩২ বৎসর	১টি	কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ কম্পিউটার পরিচালনায় দক্ষ।	

ক্রম	পদের নাম	বেতনক্রম (জাতীয় বেতন স্কেল, ২০২৬)	সর্বোচ্চ বয়সসীমা	পদ সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	যে সকল প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই।
০৬।	ফটোকপি অপারেটর	গ্রেড-১৮ ২১০০০-৫০৯০০	৩২ বৎসর	১টি	(ক) কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ (খ) ফটোকপি মেশিন চালনায় বাস্তব অভিজ্ঞতা; (গ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা;	**১৪ জুন, ২০২৩ তারিখ ৫৭.২১.০০০০.০০৩. ১২.০০১.২৩.৯৩১ নং এবং ১৫ জুলাই, ২০২৫ তারিখ ৫৭.২১.০০০০.০০৩. ১২.০০১.২৫.১০০১ নং স্মারকে প্রকাশিত বিজ্ঞপ্তি অনুযায়ী যে সকল প্রার্থী পূর্বে আবেদন করেছেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।**
০৭।	অফিস সহায়ক	গ্রেড-২০ ২০০০০-৪৮৪০০	৩২ বৎসর	৩টি	(ক) কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।	

নিম্নবর্ণিত শর্তাবলী আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অবশ্যই অনুসরণ করতে হবেঃ

১। ০১/১১/২০২৬ খ্রিঃ তারিখে সকল প্রার্থীর বয়সসীমা ১৮-৩২ বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

২। নিয়োগ সংক্রান্ত পূর্ণাঙ্গ বিজ্ঞপ্তিটি দেখার QR Code স্ক্যান এর মাধ্যমে টেলিটকের জব পোর্টাল (https://alljobs.teletalk.com.bd) ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করে অথবা নিম্নোক্ত QR Code স্ক্যান এর মাধ্যমে জাতীয় কম্পিউটার প্রশিক্ষণ গবেষণা একাডেমীর ওয়েবসাইটে (www.nactar.gov.bd) অথবা (https://nactar.teletalk.com.bd) ওয়েবসাইটে অথবা (www.tmed.gov.bd) ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও এ নিয়োগ বিজ্ঞপ্তির বিস্তারিত তথ্য পাওয়া যাবে।এছাড়া প্রার্থীর (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) মোবাইলে SMS এর মাধ্যমে জানানো হবে। এছাড়া প্রার্থীর (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) মোবাইলে SMS এর মাধ্যমে জানানো হবে।

৩। নিয়োগ সংক্রান্ত বিদ্যমান সরকারি যাবতীয় বিধি-বিধান/আদেশ/নিয়মাবলি এবং বয়স ও কোটার ক্ষেত্রে সরকারের সর্বশেষ জারীকৃত পরিপত্র/বিধিমালা অনুসৃত হবে।

৪। প্রার্থী কোনো কোটায় আবেদন করলে তা আবেদনের সময় আবশ্যিকভাবে উল্লেখ করতে হবে। পরবর্তীতে কোটা দাবি করলে তা গ্রহণযোগ্য হবে না।

৫। নির্ধারিত কোটায় যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সংশ্লিষ্ট কোটার শূন্য পদসমূহ সাধারণ মেধা তালিকা হইতে পূরণ করা হবে।

৬। সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্ব-শাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

৭। ১-৬ নম্বর ক্রমিকে বর্ণিত পদের জন্য লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ এবং ৭ নম্বর ক্রমিকে বর্ণিত পদের জন্য লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হবেন।

৮। **প্রার্থীর যোগ্যতা যাচাই:** প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা বিজ্ঞপ্তিতে যাচিত ন্যূনতম শর্তের সাথে গরমিল/অসামঞ্জস্যতা পাওয়া গেলে/ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিল করা হবে এবং তাঁর বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যে কোন প্রার্থীর পরীক্ষা চলাকালীন অথবা পরবর্তীতে যে কোনো সময়ে প্রার্থীতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

৯। যদি কোনো প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোনো ব্যক্তিকে বিয়ে করেন বা করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন কিংবা কোনো ফৌজদারি আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগে দন্ডিত হন তবে তিনি আবেদন করার জন্য অযোগ্য বিবেচিত হবেন।

১০। নিয়োগের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হবে না।অনাকাঙ্খিত ভুল ভ্রান্তি সংশোধনযোগ্য এবং অনিবার্য কারণে নিয়োগ প্রক্রিয়া স্থগিত/বাতিল/প্রত্যাহার/নিয়োগ সংক্রান্ত যে কোন পরিবর্তন/সংশোধন করার অধিকার নিয়োগকারী কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১১। কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি ও বিজ্ঞপ্তি কিংবা বিধি মোতাবেক নিয়োগ সংক্রান্ত যে কোন পরিবর্তন/সংশোধন করার অধিকার সংরক্ষণ করেন।

১২। **মৌখিক পরীক্ষার সময়ে নিম্নোক্ত কাগজপত্রাদি দাখিল করতে হবেঃ-**

১২.১ সকল সনদপত্রের মূলকপি প্রর্দশন করতে হবে এবং পূরণকৃত Application Form সহ সকল সনদপত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

১২.২ জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণপত্র হিসেবে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/ক্ষেত্রমতে প্রশাসক কর্তৃক প্রদত্ত সনদ এবং প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

১২.৩ কোন প্রার্থী বীরমুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা/বীরাঙ্গনার পুত্র/কন্যা হিসেবে আবেদন করলে প্রার্থীর পিতা/মাতার মুক্তিযোদ্ধার স্বপক্ষে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত প্রমাণক/সনদ দাখিল করতে হবে।

১২.৪ ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রার্থীদের প্রমাণক হিসেবে সংশ্লিষ্ট জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত সনদ।

১২.৫ তৃতীয় লিঙ্গের প্রার্থীদের ক্ষেত্রে প্রমাণক হিসেবে সিভিল সার্জন কর্তৃক প্রদত্ত সনদ।

১২.৬ প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে সমাজসেবা অধিদপ্তরের অধীন জেলা সমাজসেবা অফিসের উপপরিচালক/সমপদমর্যাদা সম্পন্ন/দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত প্রতিবন্ধী সনদ/পরিচয় পত্রের সত্যায়িত কপি।

১২.৭ সরকারি/আধাসরকারি/স্বায়ত্তশাসিত/অনুমোদিত বেসরকারি প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীগণকে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি পত্র/ছাড়পত্রের মূলকপি জমা দিতে হবে।

১৩। সকল পদের পরীক্ষা একই তারিখে অনুষ্ঠিত হবে বিধায় কোনো প্রার্থীর একাধিক পদে আবেদন করার প্রয়োজন নেই। একাধিক পদে আবেদন করলেও একজন আবেদনকারী শুধুমাত্র ০১টি পদের জন্য পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন।

১৪। নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৫। **অনলাইনে (Online) আবেদনের সময়সীমা ও পদ্ধতি নিম্নরূপ:**
আগ্রহী প্রার্থীগণ https://nactar.teletalk.com.bd/ **ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপঃ**

(ক) **১৭/১১/২০২৬ তারিখ সকাল ১০.০০ ঘটিকা** থেকে আবেদনপত্র দাখিল এবং পরীক্ষার ফি জমাদান শুরু হবে।
(খ) **০৭/১২/২০২৬ তারিখ বিকাল ৪.০০ ঘটিকার** মধ্যে আবেদনপত্র জমাদান অবশ্যই শেষ করতে হবে।
(গ) উক্ত সময় সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে SMS এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(ঘ) Online আবেদনপত্রে প্রার্থীর স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০x প্রস্থ ৮০) Pixel, (Jpg Format), File size maximum 60kb ও রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০x প্রস্থ ৩০০) Pixel, (Jpg Format), File size maximum 100kb এ স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।
(ঙ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(চ) SMS পাঠানোর নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদান:
অনলাইন আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা অনুযায়ী ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা প্রার্থী User ID, ছবি, এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন।
যদি Applicant's copy তে কোন তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে পুনরায় আবেদন করতে পারবেন। তবে আবেদন ফি জমাদানের পরে আর কোন পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's copy তে তার সাম্প্রতিক তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর সংযুক্ত থাকা ও এর সঠিকতার বিষয়টি পিডিএফ কপি ডাউনলোডপূর্বক নিশ্চিত করে রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's Copy –তে একটি User ID নম্বর দেওয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থীকে নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ ১ নং ক্রমিকে বর্ণিত পদের জন্য ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা ও টেলিটকের সার্ভিস বাবদ ১৮/- (আঠারো) টাকাসহ মোট ১৬৮/- (একশত আটষট্টি) টাকা, ২-৫ নং ক্রমিকে বর্ণিত পদের জন্য ১০০/- (একশত) টাকা ও টেলিটকের সার্ভিস বাবদ ১২/- (বার) টাকাসহ মোট ১১২/- (একশত বার) টাকা এবং ৬-৭ নং ক্রমিকে বর্ণিত পদের জন্য আবেদন ফি ৫০/-(পঞ্চাশ) টাকা টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ৬/- টাকাসহ মোট ৫৬/-(ছাপ্পান্ন) টাকা (অফেরতযোগ্য) অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিতে হবে। তবে সকল গ্রেডের পদের ক্ষেত্রে অনগ্রসর শ্রেণির (ক্ষুদ্র নৃ-গোষ্ঠি, শারীরিক প্রতিবন্ধী, তৃতীয় লিঙ্গের প্রার্থীগণ) প্রার্থীরা আবেদন ফি ৫০/-(পঞ্চাশ) টাকা টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ৬/- টাকাসহ মোট ৫৬/-(ছাপ্পান্ন) টাকা (অফেরতযোগ্য) অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। **"বিশেষভাবে উল্লেখ্য যে, আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।"**

প্রথম SMS: NACTARS<space>User ID লিখে Send করতে হবে। 16222 নম্বরে।
Example: NACTARS ABCDEF

Reply: Applicant's Name, Tk 168/112/56/- will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type NACTARS<space>YES<space>PIN & Send to 16222.

দ্বিতীয় SMS: NACTARS<space>YES<space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: NACTARS YES 12345678
Reply: Congratulations Applicant's Name, Payment completed successfully for NACTARS Application for (post name) User ID is (ABCDEF) and Password (XXXXXXXX).

(ছ) প্রবেশপত্র (Admit Card):

প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি https://nactar.teletalk.com.bd/ ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত মোবাইল নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS Read করা এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়। SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক Print (সম্ভব হলে রঙ্গিন) করে নিবেন। প্রার্থী এই Admit Card টি লিখিত পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।

(জ) শুধুমাত্র Teletalk pre-paid mobile ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

i) User ID জানা থাকলে:

NACTARS<space>Help<space>User<space>User ID & Send to 16222.

Example: NACTARS HELP USER ABCDEF

ii) PIN Number জানা থাকলে:

NACTARS<space>Help<space>PIN<space>PIN no. & Send to 16222.

Example: NACTAR HELP PIN ABCDEF

১৬। অসম্পূর্ণ/ভুল তথ্য সংবলিত/ত্রুটিপূর্ণ এবং চাকুরির বিজ্ঞপ্তিতে প্রকাশিত নূন্যতম যোগ্যতার সাথে যেমন-বয়স, শিক্ষাগত যোগ্যতা কোটা, জেলা ইত্যাদি যে কোন বিষয়ে অসামঞ্জস্যপূর্ণ তথ্য পাওয়া গেলে নিয়োগের যে কোন পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে। এক্ষেত্রে প্রার্থীর কোন আপত্তি গ্রহনযোগ্য হবে না।

১৭। অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ অথবা alljobs.query@teletalk.com.bd এছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেইসবুক পেজ https://www.facebook.com/alljobsbdTeletalk এর মাধ্যমেও যোগাযোগ করা যাবে। (Mail এর Subject-এ Organization Name: NACTAR Post Name ******,Applicants User ID, Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

১৮। **ডিক্লারেশন**: প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোনো অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

*** শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে **Online** এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেয়া যাচ্ছে।

নেকটার ওয়েবসাইটে প্রবেশের QR Code

নেকটার এর টেলিটক পোর্টালে প্রবেশের QR Code

(এ. কে. এম. সরোয়ার জাহান)
পরিচালক (যুগ্মসচিব)
নেকটার, বগুড়া
ও
সদস্য সচিব
১১-২০ তম গ্রেডের কর্মচারীদের নিয়োগ/পদোন্নতি/টাইমস্কেল/সিলেকশন গ্রেড প্রদান বিষয়ক কমিটি, নেকটার,বগুড়া।